

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

রিকার্ডো এ. ব্রাউন (Ricardo A. Brown) (D)

হাই আমার নাম Ricardo Brown, আমি একজন সনদধারী জনহিসাবরক্ষক। আমি ব্রাউন ইয়ং এন্ড কোম্পানীর প্রেসিডেন্ট ও CEO, এবং আমি সিটি কাউন্সিল নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি।

আমার ডিস্ট্রিক্ট এ কতকগুলি মৌলিক প্রয়োজনীয়তা নিম্নে তুলে ধরা হলো:

(১) স্যান্ডি প্রকোপে পতিত এলাকাগুলিকে পুনর্গঠন প্রয়োজন যেক্ষেত্রে FEMA এর তহবিল ব্যবহারে বড় রকমের জবাবদিহিতার ব্যবস্থা সৃষ্টি করতে হবে।

(২) যুবকদের জন্য চাকুরী সেই সাথে যারা এখনও পড়ালেখা করছে তাদের জন্য ভলান্টিয়ার কার্যক্রম।

(৩) মান সম্মত পরিচর্যার এবং বয়স্কদের জন্য আমোদ প্রমোদের সুযোগ প্রদান।

(৪) সামরিক বাহিনীতে চাকুরীরত আমাদের নারী ও পুরুষদের জন্য ব্যাপক সেবা প্রদান।

নির্বাচিত হওয়ার পরে অন্যান্য যে বিষয়গুলিতে মনোযোগ দেয়া হবে:

(১) পুলিশ এবং সমাজের মধ্যে বৃহত্তর সহযোগিতার ক্ষেত্র তৈরী করতে হবে।

(২) ডিস্ট্রিক্ট এর প্রতিটি অংশে বেসামরিক টহলদারী দল তৈরী করতে হবে যা স্থানীয় সংগঠন কর্তৃক পরিচালিত হবে।

(৩) বন্যার প্রাদুর্ভাব কমানোর জন্য DEP এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে যা সমাজের নর্দমাগুলি পরিষ্কার রাখবে।

এই অফিসের জন্য আমি সর্বাপেক্ষা উত্তম প্রার্থী কারণ হচ্ছে আমার নির্বাহী এবং পেশাগত দক্ষতা। আমি জানি কি ভাবে চাকুরী সৃষ্টি করতে হয় এবং জন সাধারণের দক্ষতার উন্নয়ন করতে হয় এবং প্রতিভা যাতে তাঁরা সম্ভাবনার দ্বার প্রান্তে পৌঁছিতে পারে। আমি বুঝতে পারি যে কর্মী পরিবারের লোকজনদের সেবার প্রয়োজন। তাঁদের প্রয়োজন অধিকতর ভাল স্কুল এবং নিরাপদ সড়ক। তাঁদের জানার প্রয়োজন যে তাঁদের ছেলেমেয়েরা এবং বয়স্ক পিতামাতা যারা অবসর গ্রহন করেছেন তাদের মান সম্মত পরিচর্যার প্রয়োজন এবং তাঁদের কমিউনিটিতে বিনোদনের প্রয়োজন। ইহাই কারণ যে আমি সিটি কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি। আমার প্রচারাভিযানে আমার সহিত যোগদান করুন যে সমস্ত কাজ আমি করবো সেগুলির উন্নয়নের জন্য। আমাদের ওয়েবসাইট brown4ny.com দেখুন বা কোন প্রশ্ন থাকলে আমাদেরকে কল করুন বা যদি আপনি আমাদের প্রচারাভিযানে স্বেচ্ছাসেবী হতে চান। নির্বাচনের দিন ভোট দিন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

মাইকেল আর. ডানকান (Michael R. Duncan) (D)

হাই, আমার নাম Michael Duncan এবং আমি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি এবং আমি আপনাকে ৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট এর আপনার পরবর্তী সিটি কাউন্সিলম্যান হিসেবে নির্বাচিত করার জন্য আমাকে ভোট দেয়ার আহবান জানাই।

আমি মূলত: ওয়েস্ট ইন্ডিজের জ্যামাইকার লোক এবং ১৯৭৮ সাল হতে নিউ ইয়র্ক সিটিতে আমি আমার বাড়ী তৈরী করেছি। পরবর্তীতে ব্যবসায়িক প্রশাসন বিভাগে বারুক কলেজ থেকে আমি স্নাতক ডিগ্রী লাভ করেছি।

আমি তৃণমূল সম্প্রদায় ভিত্তিক কর্মী হিসেবে সত্যিকার অর্থে সর্বাগ্রে আমাদের সম্প্রদায়কে গুরুত্ব প্রদান করা উচিত বলে আমি বিশ্বাস করি।

এই কারণে আমি সম্প্রদায় ভিত্তিক বোর্ড এবং সুশীল সমাজের জনসভাগুলিতে কাজ করেছি।

এটাই কারণে আমি PS ১৯৫, IS ২৩১ হিসেবে এবং স্প্রিংফিল্ড গার্ডেন্স হাইস্কুলের PTA প্রেসিডেন্ট হয়েছি।

এটাই কারণ যে প্রায় ২০ বছর পূর্বে থেকে আমি রোজডেল সকার ক্লাব সাথে জড়িত হয়েছি যাতে সকারের মাধ্যমে আমাদের যুব সমাজের চারিত্রিক বৈশিষ্ট্য গঠন করতে পারি।

এটাই কারণ যে স্প্রিংফিল্ড গার্ডেন্স হাইস্কুল রাস্তা অতিক্রম করে "হট শীট" এর মোটেল তৈরী করার বিষয়ে সংগ্রামে নেতৃত্ব দিয়েছি।

সামগ্রিক অর্থে স্ব-নির্ভরতার নীতিতে আমি আন্তরিকতার সহিত সম্মত আছি এবং আমি সমাজকে তা ফিরিয়ে দিতে চাই।

এটাই কারণ যে লবেলটনে জ্যামাইকা ব্রিজ রেইনুয়েন্ট খুলে দিয়েছি যাতে আমি চাকুরীর ক্ষেত্র তৈরী করতে

পারি।

স্কুলের শিক্ষার পরে সম্ভবত: পরিপূরক নিয়মিত শিক্ষার ক্ষেত্রে আমাদের সমাজ যে অভাব বোধ করে যদিও বহু সংখ্যক স্কুল ভবন রয়েছে কিন্তু কলা, সংগীত এবং সাংস্কৃতিক কার্যক্রম প্রভৃতি প্রায় নাই বললেই চলে।

সত্যিকার অর্থে আমার পরিকল্পনা রয়েছে এইরূপ কার্যক্রম সৃষ্টিতে প্রচুর পরিমাণে আমার ব্যয়ের তহবিল তৈরী করতে হবে। কারণ ঐ গুলি আমাদের ছেলেমেয়েদের উন্নয়নের নিমিত্তে ভীষণ প্রয়োজন।

কাজেই অনুগ্রহ করে ভোটের দিন আপনার ভোটটি আমাকে দিবেন। আপনাদেরকে ধন্যবাদ।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।